

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএসটিআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

নং ৫২.০১.০০০০.৭০৮.০২.০২৯.১৬. ২১-৬৫

তারিখ ৩১ ডার, ১৪২৭ ব.
১৫ সেপ্টেম্বর, ২০২০ খ্রি.

বিষয়ঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ইনোভেশন কমিটি'র সভার কার্যবিবরণী।

সভাটি নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী অনুষ্ঠিত হয়ঃ

তারিখ : ১৩ সেপ্টেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ
সময় : বেলা ১১.৩০ ঘটিকা।
সভার স্থান : এসএসটিআই এর পরিচালক ও ইনোভেশন কর্মকর্তার সভাকক্ষ, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
সভাপতি : জনাব আবুল কালাম আজাদ, পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা, এসএসটিআই

২.০ সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

৩.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভাপতি উপস্থিত সদস্যদের মাঝে ইনোভেশন কমিটির গত সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সংক্রান্ত বিষয়সমূহ পর্যালোচনা করেন এবং এক পর্যায়ে ইনোভেশন টিম এর সদস্য সচিব ও উপপরিচালককে সভার আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য অনুরোধ করেন। সদস্য সচিব বিবিএস এর ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা ২০২০-২১ বাস্তবায়নে সকল সদস্যের সহযোগিতা কামনা করেন এবং সেলক্ষ্য কার্যক্রম গ্রহণের জন্য সভাপতির মাধ্যমে অনুরোধ জানান। পরবর্তীতে সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনা করেন। উক্ত আলোচনায় সভাপতিসহ সকল সদস্য সক্রিয় অংশগ্রহণ করেন।

৪.০ সিদ্ধান্তঃ বিস্তারিত আলোচনার পর সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়-

১) মহাপরিচালক মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ইনোভেশন কার্যক্রম আরো বেগবান করার নিমিত্ত জনাব সাদেক হোসেন খোকা, প্রোগ্রামার এবং জনাব সামি কবীর, সহকারী প্রোগ্রামার-কে ইনোভেশন কমিটিতে কো-অপ্ট করতে হবে।

২) সভায় সদস্য সচিব কর্তৃক উপস্থাপিত খসড়া বাজেট ফ্রেম দ্রুত মহাপরিচালক মহোদয়ের অনুমোদনপূর্বক এফএএসটিআইএস এর ডিডিও বরাবর প্রেরণ করতে হবে।


৩) ইনোভেশন কার্যক্রমের আওতায় বিভাগীয় পর্যায়ে ইনোভেশন সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা মনোনয়নের জন্য প্রেরিত পত্রের ফলোআপ করতে হবে এবং তাদের সাথে সমন্বয় করে ইনোভেশন কাজ বেগবান করতে হবে।

৪) আগামী ১৮ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখ ময়মনসিংহ বিভাগীয় পরিসংখ্যান কর্মকর্তা/কর্মচারীদের জন্য ইনোভেশন ইন পাবলিক সার্ভিস সম্পর্কিত এক দিনের প্রশিক্ষণ সেমিনার আয়োজন করতে হবে।

৫) ইনোভেশন বার্ষিক কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং সেমিনার/প্রশিক্ষণ সংক্রান্ত খসড়া ক্যালেন্ডার দ্রুত চূড়ান্ত করে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।

৬) মহামারী/আপদকাল মোকাবেলায় বিবিএস এর প্রণীত নুপরেখাটি প্রচারের ব্যবস্থা করতে হবে।

৫.০ সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



আবুল কালাম আজাদ
পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা
ফোন: ৫৫০০৭০১০
ই-টারকমঃ ১৭৬৩

বিতরণ :

- ১। জনাব/বেগম..... সদস্য, ইনোভেশন কমিটি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ২। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এসএসটিআই (পরিচালক ও ইনোভেশন কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)

অনুলিপি (জ্ঞাতার্থে):

- ১। পরিচালক, এফএন্ডএমআইএস, বিবিএস
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩। স্টাফ অফিসার, মহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ৪। স্টাফ অফিসার, উপমহাপরিচালক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো।
- ৫। জায়ন ব্যয়ন কর্মকর্তা, এফএন্ডএমআইএস, বিবিএস।